



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি
তারিখ: ২৩ নভেম্বর ২০২২

২৩ নভেম্বর ২০২২ তারিখ বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর আন্তর্জাতিক সম্মেলন কক্ষে (৪র্থ তলা) ‘ভাষা জরিপ ও মাঠ সমীক্ষা’ (Language Survey & Fieldwork) শীর্ষক একটি জাতীয় সেমিনারের আয়োজন করা হয়।




ভাষা জরিপ ও মাঠ সমীক্ষা শীর্ষক জাতীয় সেমিনারে প্রধান অতিথি ও অংশগ্রহণকারীবৃন্দ

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক এবং সভাপতিত্ব করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর মহাপরিচালক প্রফেসর ড. হাকিম আরিফ। স্বাগত বক্তব্য রাখেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব মোঃ আজহারুল আমিন।

জাতীয় সেমিনারে প্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন David August Peterson, Associate Professor, Dartmouth College, New York, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মদ আসাদুজ্জামান, সহযোগী অধ্যাপক জনাব নায়রা খান, ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি সহকারী অধ্যাপক ড. মোঃ মোস্তফা রাসেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ সাহেদুজ্জামান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সিকদার মনোয়ার মোর্শেদ ও আধুনিক ভাষা ইনস্টিটিউট পরিচালক অধ্যাপক ড. এ.বি.এম. রেজাউল করিম ফকির। সেমিনারে অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থী এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর কর্মকর্তাবৃন্দ।

সেমিনারের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট দেশে-বিদেশে বিভিন্ন লোক জনের কাছ থেকে তথ্য ও জ্ঞান পরামর্শ নিয়ে এগিয়ে যাচ্ছে এটা আমি বিশ্বাস করি। আমরা ভাষার জন্য রক্ত দিয়েছি। বাঙালি জাতির মাতৃভাষাকে প্রতিষ্ঠিত করেছি, সেই কারণে প্রতিটি জাতির গোষ্ঠীর সহমর্মিতা এবং আমাদের কমিটমেন্ট অন্য কারও চেয়ে বেশি থাকা উচিত। কারণ আমার মাতৃভাষার প্রতি আঘাত আশার পর আমি বুঝেছি, আমার হৃদয়ে কেমন লেগেছে। আমাদের পূর্ব পুরুষরা বুকের তাজা রক্ত দিয়েছে মাতৃভাষা রক্ষার জন্য। আমরা সকল দেশের মাতৃভাষার জন্য, সকল জাতির জন্য, সবার মাতৃভাষাকে রক্ষা করবো।

ইনস্টিটিউটের মহাপরিচালক তাঁর বক্তব্যে বলেন, পৃথিবীতে যত বৈচিত্র্য থাকবে ততই পৃথিবী সুন্দর হয়ে উঠবে। রবীন্দ্রনাথ বলেছেন শত ফুল ফুটতে দাও, সুতরাং ভাষা হচ্ছে বৈচিত্র্যের যে অংশ, মানুষের যে সৃষ্টিশীলতা, মানুষের যে শ্রেষ্ঠত্ব তার অংশ হচ্ছে ভাষা। সুতরাং ভাষা বেঁচে থাকবে সেটি হচ্ছে একটি সত্য সেই সত্যকেই উপলব্ধি করে মননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত করেন। এই প্রতিষ্ঠানটির প্রধান উদ্দেশ্য হচ্ছে শুধু বাংলা নয়, সরা পৃথিবীর যে ভাষাগুলো হারিয়ে যাচ্ছে সেই ভাষাগুলো সংরক্ষণ করা।



২৩/১১/২০২২

(মোঃ মিজানুর রহমান)

উপপরিচালক (প্রচার, তথ্য ও জনসংযোগ)

মোবাইল: ০১৭১১৪৬০৫৮০

ইমেইল: mizanurr16bcs@gmail.com